মেহেরপুরে মোহনা টিভি সাংবাদিকের বাবার ইন্তেকাল

মোহনা টিভির মেহেরপুর জেলা প্রতিনিধি ফারুক আহমেদের বাবা হাজী আব্দুল বারী ইন্তেকাল করেছেন (ইন্না—রাজিউন)।

আজ শুক্রবার (৬ জুলাই) রাত ৩টার দিকে স্ট্রোকজনিত কারণে নিজ বাসভবন গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে মারা যান তিনি।

মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে ও ২ মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

আজ শনিবার সকাল ১০টার হাড়িয়াদহ ঈদগাহ ময়দানে তার নামাজে জানাজা শেষে স্থানীয় গোরস্থান ময়দানে দাফন সম্পন্ন হয়েছে।

এদিকে ফারুক আহমেদের বাবার মৃত্যুতে শোক জানিয়েছেন, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, সাবেক এমপি ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, মেহেরপুরে কর্মরত বিভিন্ন সাংবাদিকবৃন্দ শোক জানিয়েছেন।

আলমডাঙ্গা প্রেসক্লাবে উপজেলা চেয়ারম্যান মঞ্জিলকে ফুলেল শুভেচ্ছা প্রদান

আলমডাঙ্গা প্রেসক্লাবের পক্ষ থেকে নব নির্বাচিত উপজেলা চেয়ারম্যান কে,এম মঞ্জিলুর রহমানকে ফুলেল শুভেচ্ছা ও সম্মননা স্বারক প্রদান করা হয়েছে।

আজ বুধবার প্রেসক্লাবের আমন্ত্রণে উপজেলা চেয়ারম্যান প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ে উপস্থিত হলে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় সাংবাদিকদের সাথে উপজেলা চেয়ারম্যানের এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। মত বিনিময় সভায় উপজেলা চেয়ারম্যান কে, এম মঞ্জিলুর রহমান বলেন,সাংবাদিকদের কারণেই কিন্ত দুষ্কৃতিকারীরা অপরাধ করতে ভয় পাই। যে কোন একটা ছোট ঘটনা ঘটলেই সাংবাদিকরা তা তুলে ধরছেন। আপনাদের কারণেই যারা দুষ্কৃতিকারী, যারা খারাপ মানুষ তারা পিছিয়ে যাচ্ছে।

তিনি বলেন, আজকে আপনাদের সাথে মিলিত হতে পেরে আমি খুবই খুশি হয়েছি। আপনারা জানেন বর্তমান সরকারের আপনাদের যে অঘাত স্বাধীনতা দিয়েছে, বিশেষ করে প্রিন্ট মিডিয়া ও ইলেক্ট্রনিক্স মিডিয়ায়। আজকে আপনাদের অবাধ বিচরণের কারণে অনেক অপরাধ লোপ পেয়েছে। রাজনীতি থেকে শুরু করে যারা দুষ্কৃতিকারী, যারা সমাজে খারাপ কাজের সাথে জড়িত ছিল সেই সমস্ত মানুষগুলো আজ কোথায়?

আপনাদের কারণেই আমি মনে করি এই আলমডাঙ্গার মানুষ এর সুফল ভোগ করছে। রাষ্ট্রের জন্য সমাজের জন্য আপনারা আপনাদের কর্মকান্ড চালিয়ে যান। আপনাদের সবই আছে শুধু অবকাঠামো নেই। এই অবস্থা থেকে যত দ্রুত সম্ভব আলমডাঙ্গা প্রেসক্লাবকে একটি নান্দনিক অবস্থানে নিয়ে যেতে আমরা কাজ করবো। আপনারা আমার পাশে থাকবেন এই প্রত্যাশা করছি।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টুর সভাপতিত্বে মত বিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাবেক উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সহসভাপতি শেখ শফিউজ্জামান, আনোয়ার হোসেন,হাবিবুর রহমান রুনু।

প্রসক্লাবের যুগ্ম সম্পাদক শাহাবুল হকের উপস্থাপনায় বক্তব্য রাখেন সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, সহ সাংগঠনিক সম্পাদক বশিরুল আলম, প্রচার সম্পাদক জাফর জুয়েল, শিক্ষা ও সাহিত্য সম্পাদক এম, জামিরুল ইসলাম খান।

এ ছাড়াও অতিথিকে ফুলেল শুভেচ্ছা জানান,প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক তানভীর সোহেল, সাংগঠনিক সম্পাদক কাইরুল মামুন, আইসিটি বিষয়ক সম্পাদক মীর ফাহিম ফয়সাল, ধর্মীয় বিষয়ক সম্পাদক গোলাম

রহমান চৌধুরী, ক্রীড়া সম্পাদক আব্দুর রাজ্জাক, অর্থ বিষয়ক সম্পাদক সৈয়দ সাজেদুল হক মুনি, সমাজ কল্যাণ সম্পাদক গোলাম সরোয়ার সদু,সহ প্রচার সম্পাদক হাসিবুল হক,নির্বাহী সদস্য নাসির উদ্দিন,রানা আহেম্মদ, হাসিবুল হক প্রমুখ।

মেহেরপুরে এনটিভির ২২ তম জন্মদিনে ব্যতিক্রমী আয়োজন

ব্যতিক্রম ধর্মী আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে দেশের অন্যতম স্যাটেলাইট চ্যানেল এন টিভির ২২ তম জন্মদিন পালিত হয়েছে।

বুধবার দুপুরে গাংনীর ঢেপা এতিমখানা ও হাফিজিয়া মাদ্রাসায় এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়।
এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস আলোচনা সভায় সভাপতিত্ব করেন।

দোয়া মোনাজাত শেষে এতিমখানার শিশু ও অতিথিবৃন্দ এক সাথে বসে দুপুরের খাবার খান। অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম কুমার গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদউদ্দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, ইন্ডিপেন্ডেন্ট টিভির জেলা প্রতিনিধি রাজিবুল হক সুমন সহ জেলায় কর্মরত সাংবাদিকরা।

অনুষ্ঠানে বক্তারা বাংলাদেশ স্যাটেলাইট টেলিভিশনে এনটিভির বিগত দিনের কার্যক্রম নিয়ে আলোচনা করেন। বক্তারা বলেন, বাংলাদেশের টেলিভিশন জগতে এনটিভি একটা বিশেষ স্থান অর্জন করেছে, তাদের সংবাদের মান অনুষ্ঠানের পরিকল্পনা সাধারণ জনগণের কাছে দারুণভাবে সমাদৃত হয়েছে। তারা এনটিভির আগামী দিনের শুভেচ্ছা কামনা করেন।

সাংবাদিককে লাঞ্ছিতের ঘটনায় ঝিনাইদহে মানববন্ধন ও বিক্ষোভ

অনিয়মের সংবাদ সংগ্রহ করতে গিয়ে ঝিনাইদহ ওজোপাডিকোর নির্বাহী প্রকৌশলীর হাতে সময় সংবাদের সাংবাদিক লোটাস রহমান সোহাগ লাঞ্ছিত ও ক্যামেরার মেমোরী কার্ড ভাংচুরের ঘটনায় বিক্ষোভ ও নির্বাহী প্রকৌশলীর প্রত্যাহারের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে শহরের পায়রা চত্বরে ঝিনাইদহ প্রেসক্লাব ও টেলিভিশন সাংবাদিক ফোরামের পক্ষ থেকে এ কর্মসূচীর আয়োজন করা হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলায় কর্মকর্তা সাংবাদিক ছাড়াও সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি একুশে টিভির প্রতিনিধি এম রায়হান, জেলা প্রেসক্লাবের সভাপতি এনটিভির স্টাফ রিপোর্টার মিজানুর রহমান বাবলু, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এসএ টিভির প্রতিনিধি ফয়সাল আহমেদ, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক যমুনা টিভির প্রতিনিধি আহম্মেদ নাসিম আনসারী, সাবেক সভাপতি কালের কন্ঠের প্রতিনিধি এম সাইফুল মাবুদ, সাবেক সাধারণ এটি বাংলার প্রতিনিধি নিজাম জোয়ারদার বাবলু, কালবেলা’র ব্যুরো প্রধান মাহমুদ হাসান টিপু, প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক কে এম সালেহ, প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক আজাদ রহমান, ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের সভাপতি আর টিভির প্রতিনিধি শিপলু জামান, ঝিনাইদহ প্রেসক্লাবের নির্বাহী সদস্য আসিফ ইকবাল কাজল, চ্যানেলটোয়েন্টিফোর’র জেলা প্রতিনিধি সাদ্দাম হোসেন, ঝিনাইদহ রিপোটার্স ইউনিটির সাধারণ সম্পাদক শাহীদুর রহমান সন্টু, প্রেস ইউনিটির সভাপতি শহিদুল এনাম পল্লব, বাংলাদেশ প্রেসক্লাব ঝিনাইদহ জেলা শাখার সভাপতি স্বপন মাহমুদ, বিহঙ্গ সাংস্কৃতিক চর্চা কেন্দ্রের সাধারণ সম্পাদক শাহীনুর আলম লিটন, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক রাজু আহম্মেদ মিজান, উদিচীর জেলা সভাপতি কে এম শরিফ, সহ-সভাপতি শামীম আহম্মেদ, উপদেষ্টা স্বপন বাগচী,

জেলা কমিটির সহ-সম্পাদক আরিফুল ইসলামসহ অন্যান্যরা। অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক ও একাত্তর টিভির জেলা প্রতিনিধি রাজিব হাসান।

বক্তারা বলেন, সংবাদ সংগ্রহ করতে গিয়ে সাংবাদিক লাঞ্ছিত করার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে দ্রুত ওজোপাডিকোর নির্বাহী প্রকৌশলী রাশেদুল ইসলামের প্রত্যাহার ও তার বিরুদ্ধে শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণের দাবী জানান। পরে সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেসক্লাব চত্বরে গিয়ে শেষ হয়।

এদিকে একই সময় শৈলকুপায় সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মী আলমগীর অরণ্য’কে কুপিয়ে যখম করার প্রতিবাদ ও হামলাকারীদের দ্রুত আইনের আওতায় আনার দাবী জানিয়ে একই কর্মসূচী পালন করে উদিচী’র নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গায় দৈনিক প্রাণের বাংলাদেশ পত্রিকার স্টাফ রিপোর্টারকে হুমকি

চুয়াডাঙ্গায় দৈনিক প্রাণের বাংলাদেশ পত্রিকার স্টাফ রিপোর্টার সোহাগ জোয়ার্দ্দারের উপর হামলার অভিযোগ উঠেছে।

এ বিষয়ে গত বৃহস্পতিবার চুয়াডাঙ্গা সদর থানায় একটি সাধারণ ডাইরি করা হয়েছে। সোহাগ জোয়ার্দ্দার ঢাকা থেকে প্রকাশিত দৈনিক প্রাণের বাংলাদেশ পত্রিকার স্টাফ রিপোর্টার হিসেবে ঢাকাতে কর্মরত আছেন। তিনি চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত মাখালডাঙ্গা ইউনিয়নের দিননাথপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে।

এ বিষয়ে সোহাগ জোয়ার্দ্দার বলেন বুধবার আমি চুয়াডাঙ্গা সদর উপজেলার দিননাথপুর গ্রামের বটতালায় সন্ধ্যা সাতটায় সময় ইমান আলীর চায়ের দোকানে বসে ছিলাম হটাৎ কিছু এলাকায় বাইরের লোকজন এসে

আমাকে অকথ্য ভাষায় গালি দেয়। আমি তাদের নিষেধ করলে তারা আমাকে প্রাণ নাশের এবং জখমের হুমকি দেয়।

এ বিষয়ে তিনি আরো বলেন এটি উদ্দেশ্য প্রণোদিত একটি ঘটনা এবং এরা সকলে স্থানীয় চেয়ারম্যানের লোকজন বলে দাবি করেন তিনি। এক পর্যায়ে তারা উত্তেজিত হলে স্থানীয় লোকজনের সহায়তায় আমি রক্ষা পায়। এই বিষয়ে আমি পরের দিন বৃহস্পতিবার সকাল এগারোটার সময় দিননাথপুর গ্রামের হোসেন ছেলে বাবুল (৫৫) কে প্রধান অভিযুক্ত করে চুয়াডাঙ্গা সদর থানায় ১২ জনের বিরুদ্ধে সাধারণ ডাইরি করেছি।

এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী বলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার দিননাথপুরে একজন সাংবাদিকের উপর হুমকির অভিযোগ উঠেছে। এ বিষয় চুয়াডাঙ্গা সদর থানায় একটি সাধারণ ডাইরি করেছে তিনি। তদন্ত সাপেক্ষে আমরা এটির ব্যবস্থা নিব।

দামুড়হুদায় দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার প্রতিনিধিদের সমন্বয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার দুপুর ৩টার সময় সকালের খোঁজখবর পত্রিকার আয়োজনে দামুড়হুদা আবাসিক হোটেল এন্ড কমিউনিটি সেন্টারে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পত্রিকার প্রকাশক ও সম্পাদক হারুনার রসিদ পান্না, প্রধান আলোচক ছিলেন দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক সোহেল রানা।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিবেদক মোজাম্মেল শিশির, দৈনিক পচিমঞ্চল প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতাসহ উপস্থিত ছিলেন আমন্ত্রিত অতিথি বৃন্দ ও বিভিন্ন অঞ্চল থেকে আগত প্রতিনিধি বৃন্দ।

অনুষ্ঠানে প্রধান আলোচক দৈনিক সকালের খোঁজ খবর পত্রিকা’র ভারপ্রাপ্ত সম্পাদক সোহেল রানা বলেন, আপনারা সাংবাদিক জাতির বিবেক, আপনাদের সকলের কাছ থেকে বস্তুনিষ্ঠ সংবাদ আশা করি। কোন ভুল ভাল সংবাদ পরিবেশন করবেন না। দৈনিক সকালের খোঁজখবর পত্রিকায় এক সময় আমি আপনাদের মতো প্রতিনিধি হিসেবে কাজ করেছি। আজ আমি ভারপ্রাপ্ত সম্পাদকের দায়িত্ব পালন করছি। আপনাদের সবার আন্তরিকতা থাকলে সকালের খোঁজখবর পত্রিকা এক সময় জনপ্রিয়তার শীর্ষে অবস্থান করবে। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কুরআন থেকে তেলওয়াত করেন অত্র পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি জাহাঙ্গীর আলম মানিক।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দৈনিক পচিমাঞ্চল পত্রিকার দর্শনা প্রতিনিধি চঞ্চল মেহমুদ।

কুষ্টিয়ায় এশিয়ান টিভির সাংবাদিককের উপর সন্ত্রাসীদের হামলা

কুষ্টিয়ায় বেসরকারি টেলিভিশন এশিয়ান টিভির স্টাফ রিপোর্টার, টেলিভিশন জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ও দৈনিক সত্য খবর পত্রিকার সম্পাদক হাসিবুর রহমান রিজুর (৪৬) ওপর হামলা চালিয়েছে সন্ত্রাসীরা।

গতকাল বুধবার বিকেল পাঁচটার দিকে কুষ্টিয়া শহরসংলগ্ন হাটশ হরিপুর ইউনিয়নের হাটশ হরিপুর বাজারে এ হামলার ঘটনা ঘটে।

ভিড় করেন।

এদিকে হাসপাতালে জরুরি বিভাগে নেওয়ার সময় হাসিবুর সাংবাদিকদের কাছে ঘটনায় জড়িত কয়েকজনের নাম বলে গেছেন। সেই ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। হাসিবুর বলেন, হামলাকারীর মধ্যে রয়েছে হাটশ হরিপুর এলাকার শিপন, আসলাম, মুরাদ, ফারুক, সাজ্জাদসহ আরও ১০ থেকে ১৫ জন।

অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) পলাশ কান্তি নাথ বলেন, পুলিশের কর্মকর্তারাও হাসিবুর রহমান রিজুর দেওয়া নামগুলোর প্রাথমিক সত্যতা পেয়েছেন। হামলার পেছনে পারিবারিক বা এলাকাভিত্তিক কোনো বিরোধ থাকতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

এদিকে রাতে হাটশ হরিপুর ইউনিয়নের বোয়ালদহ এলাকার মৃত: আকবর আলীর ছেলে মো: বাবর আলীকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছেন কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা।

দর্শনা প্রেসক্লাবের দায়িত্ব হস্তান্তর

দর্শনা প্রেসক্লাবের দায়িত্ব হস্তান্তর করা হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাব ভবনে দ্বি-বার্ষিক সাধারণ সভায় এ কমিটির অনুমোদন করা হয়।

সভায় নির্বাচিত কমিটি পর্যায়ক্রমে ২ বছর মেয়াদকালে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির দায়িত্ব পালন করে। সেই মোতাবক এবার দর্শনা প্রেসক্লাবের সভাপতি হলেন, মাই টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি ও দৈনিক যুগান্তর পত্রিকার দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি ইকরামুল হক পিপুল, ও সাধারণ সম্পাদক হলেন ডেইলি অবজারভার পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি ও দৈনিক আকাশ খবর

পত্রিকার দর্শনা ব্যুরো প্রধান ওসমান আলী এবং সাংবাদিক সমিতির সভাপতি হলেন, দৈনিক পূর্বাঞ্চল প্রতিনিধি মো: জাহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক হলেন দৈনিক মাথাভাঙ্গা দর্শনা সহকারি ব্যুরো প্রধান হানিফ মন্ডল।

প্রেসক্লাবের ১৩ সদস্য র মধ্যে সহ-সভাপতি হয়েছেন মাহমুদ হাসান রনি, যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দপ্তর সম্পাদক সুকমল চন্দ্র দাস বাঁধন, কোষাধ্যক্ষ আব্দুল হান্নান, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাব্বির আলিম, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক জামান তারিক, কার্যনির্বাহী সদস্য-এফএ আলমগীর, আহসান হাবিব মামুন, ফরহাদ হোসেন।
সাংবাদিক সমিতির সহসভাপতি হলেন, কামরুজ্জামান যুদ্ধ, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দপ্তর সম্পাদক ইমতিয়াজ আহমেদ রয়েল, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক আব্দুর রহমান, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক আবিদ হাসান রিফাত, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক রাজিব মল্লিক, কোষাধ্যক্ষ মাসুম বিল্লাহ। কার্যনির্বাহী সদস্য- মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন, চঞ্চল মেহমুদ।

দর্শনা প্রেসক্লাবে যায়যায়দিন পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকি পালিত

দেশের বহুল প্রচারিত দৈনিক যায়যায়দিন পত্রিকার ১৯ বছরে পদার্পণ উপলক্ষ্যে দামুড়হুদার দর্শনা প্রেসক্লাবে সাংবাদিকদের মিলন মেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা প্রেসক্লাব কার্যালয়ে যায়যায়দিন পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি হাসমত আলীর আয়োজনে যায়যায়দিন ফ্রেন্ডস ফোরামের সভাপতি দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলামের সভাপতিত্বে দামুড়হুদা উপজেলা প্রতিনিধি

হাসমত আলীর সঞ্চলনায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় বক্তব্য রাখেন দর্শনা থানার অফিসার ইনচার্জ এর প্রতিনিধি সাব ইন্সপেক্টর শামিম আহমেদ, দর্শনা গণউন্নয়ন গ্রন্থগারের পরিচালক সাহিত্যিক আবু সুফিয়ান, দর্শনা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক এম এ ওসমান, সাংবাদিক আওয়াল হোসেন, আলমগীর কবির, মনিরুজ্জামান সুমন, আহসান হাবিব মামুন, নজরুল ইসলাম, নুরুল আলম বাকু, মাহমুদ হাসান রনি, ইমতিয়াজ রয়েল, ইমতিয়াজ আহমেদ, আব্দুল হান্নান, সুকুমার বাঁধন, রিফাত হোসেন, ফরহাদ হোসেন, আলোচনা সভা শেষে অতিথিবৃন্দ ও সাংবাদিকরা কেক কাটেন। সংবাদকর্মীসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অংশগ্রহণ করেন।

আলমডাঙ্গা প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ের উদ্বোধন

বর্ণাঢ্য আয়োজনে আলমডাঙ্গা প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ের শুভ উদ্বোধন করা হয়েছে। আজ শনিবার বেলা ১২ টায় হাইরোডস্থ এ কার্যালয়ের ফিতা কেটে উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। পরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টুর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সাংবাদিকরা হলো সমাজের দর্পণ। আপনারা জাতির বিবেক। যে কোন ঘটনা আপনাদের মাধ্যমে সারা দেশের মানুষ অবগত হয় । আমি বলবো একটা সমাজ পূণর্গঠনে সাংবাদিকদের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ । কারণ একটা সংবাদ যদি একটা পত্রিকায় সঠিক ভাবে না এসে ভিন্নভাবে আসে। তাহলে কিন্ত এর প্রভাব অনেক দূর গড়াই । আমি প্রায় ১ বছর হয়ে গেলো আলমডাঙ্গায় এসেছি। সাংবাদিকের কারোর কাছ থেকে নেগেটিভ নিউজ পাইনি। সেজন্য

আমার উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সবাইকে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। ইতিমধ্যে দুটি বড় নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচন কেন্দ্রীক সাংবাদিকের নিকট থেকে অনেক সহযোগীতা পেয়েছি। সামনের দিনগুলোতে আপনাদের এভাবেই সহযোগীতা কামনা করছি।

আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গার থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া।
আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজমের সঞ্চালনায় বক্তব্য রাখেন প্রেসক্লাবের সহ-সভাপতি শেখ শফিউজ্জামান, আনোয়ার হোসেন, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, প্রেস ক্লাবের সহ-সাংগঠনিক সম্পাদক বশিরুল আলম, প্রচার সম্পাদক জাফর জুয়েল, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আতিক বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন প্রেস ক্লাবের সহ-সভাপতি হাবিবুর রহমান রুনু, মৌলভী আবুল কাশেম, যুগ্ম সাধারণ সম্পাদক শাহাবুল হক, তানভীর সোহেল, কে,এ মান্নান, সাংগঠনিক সম্পাদক কাইরুল ইসলাম মামুন, কোষাধ্যক্ষ সাজদুল হক মুনি, ক্রীড়া সম্পাদক আব্দুর রাজ্জাক, শিক্ষা ও সাহিত্য বিষয়ক সম্পাদক জামিরুল ইসলাম, সমাজ কল্যাণ সম্পাদক গোলাম সরোয়ার সদু, আইসিটি বিষয়ক সম্পাদক মীর ফাহিম ফয়সাল, ধর্মীয় বিষয়ক সম্পাদক গোলাম রহমান চৌধুরী, নির্বাহী সদস্য নাসির উদ্দিন, মহসিন আলী হোসেন, রানা আহম্মেদ, হাসিবুল ইসলাম, লাল্টু রহমান, সাব্বির আহম্মেদ রিজভী প্রমুখ।